



ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন একটি অঙ্গ প্রতিষ্ঠান)

জি.পি.ও. বক্স নং- ৩৫, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম

Website: www.erl.com.bd

E-mail: md-office@erl.com.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের সাবসিডিয়ারী প্রতিষ্ঠান ও দেশের একমাত্র জ্বালানী তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারী লিমিটেড-এ নিম্ন বর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে পূর্ণাঙ্গ রিজিউম (Resume) সহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্র নং | পদের নাম, স্কেল ও বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|--------|--|-------------|--|--|
| ১। | জেনারেল ম্যানেজার (ফিন্যান্স এন্ড এ্যাকাউন্টস) বেতন স্কেলঃ ৳.৬১১২০-৬৩৫৭০-৬৬১২০- ৬৮৭৭০-৭১৫৩০-৭৪৪০০/- কোম্পানীতে প্রচলিত অন্যান্য প্রান্তিক সুবিধাদি প্রযোজ্য হবে। বয়সঃ অনূর্ধ্ব ৫২ (বায়ান্ন) বৎসর। | ০১ (এক) টি | কোয়ালিফাইড চার্টার্ড এ্যাকাউন্টেন্ট (এফসিএ)/ কস্ট ম্যানেজমেন্ট এ্যাকাউন্টেন্ট (এফসিএমএ) | যে কোন সরকারী বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারী বা বেসরকারী শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে নির্বাহী/১ম শ্রেণীর কর্মকর্তা পদে ন্যূনতম ১৭ (সতের) বছরের চাকুরীর অভিজ্ঞতা। পেট্রো কেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্সে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

সংক্ষিপ্ত কার্য বিবরণী (Job description):

‘জিএম (ফিন্যান্স এন্ড এ্যাকাউন্টস)’ তাঁর কাজের জন্য সরাসরি ম্যানেজিং ডিরেক্টর-কে রিপোর্ট করবেন এবং তিনি কোম্পানীর সকল ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট, কস্ট ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট এ্যাকাউন্টিং এন্ড কন্ট্রোল এবং টেক্সেশন-সহ যাবতীয় ফিন্যান্স এন্ড এ্যাকাউন্টস সংশ্লিষ্ট কাজের জন্য দায়বদ্ধ থাকবেন।

প্রযোজ্য শর্তাবলী :

- ১। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ২। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৩। সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৪। আবেদন পত্র প্রেরণের সময় খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ৫। মৌখিক সাক্ষাৎকারের সময় আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্র, নাগরিকত্ব সনদ পত্র, জাতীয় পরিচয় পত্র সহ অন্যান্য প্রয়োজনীয় সনদপত্র/প্রত্যয়নপত্র/অভিজ্ঞতা সনদের মূল কপি সঙ্গে আনতে হবে।
- ৬। সরকার নির্দেশিত কোটা অনুসরণ করা হবে।
- ৭। লিখিত বা মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকারের ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। কর্তৃপক্ষ যে কোন সময় প্রয়োজনবোধে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া বাতিলের অধিকার সংরক্ষণ করে।
- ৯। আর্থহী প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সনদপত্র, নাগরিকত্ব সনদ পত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ লিখিত আবেদন ‘ব্যবস্থাপনা পরিচালক’ ইস্টার্ন রিফাইনারী লিমিটেড, পোস্ট বক্স নং-৩৫, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম’ বরাবর আগামী ২০-১২-২০১৬ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ১০। আবেদন পত্র অবশ্যই ডাক যোগে পাঠাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত আবেদন পত্রসমূহ গৃহীত হবে না।